# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## অর্থনীতি দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ০

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১. ✪ অর্থনীতির তামিম স্যার দ্বাদশ শ্রেণির ক্লাসে বলছিলেন আমি যে সময়ের কথা বলছি তখন বাংলাদেশের মানুষের প্রধান উপজীবিকা ছিল কৃষি। রাস্তাঘাট তেমন ছিল না। মানুষ মাটির পাতিল, ঘটিবাটি ব্যবহার করত। নিজ হাতে তৈরি পোশাক পরিধান করত তবে তারা খুব সুখী ছিল।

ক. প্রাকৃতিক পরিবেশ কাকে বলে? ১

খ. কৃষিই ছিল বাংলাদেশের অর্থনীতির ভিত্তি– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে তামিম স্যার বাংলাদেশের অর্থনীতির কোন সময়ের কথা উল্লেখ করেছেন? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সময়ের বাংলাদেশের অর্থনীতির সাথে বর্তমান সময়ের অর্থনীতির পার্থক্য ব্যাখ্যা কর। ৪

২. ▶ গণি মিয়া উত্তরাঞ্চলের একজন কৃষক। সে বিভিন্ন ধরনের শাক-সবজি উৎপাদন করে। গতকাল সে তার উৎপাদিত শাক-সবজি নিয়ে বাজারে গিয়েছিল। খুব সস্তায় সে তার শাক-সবজি বিক্রি করতে বাধ্য হয়। কারণ এ বছর খুব বেশি শাক-সবজি উৎপাদিত হয়েছে।

ক. কৃষি জোত কী? ১

খ. আবহাওয়ার উপর শাক-সবজি উৎপাদন কীভাবে নির্ভর করে? ২

গ. গণি মিয়ার শাক-সবজির ন্যায্য দাম না পাওয়ার কারণগুলো কী কী? ৩

ঘ. গণি মিয়ার মতো অন্য কৃষকরা যাতে কম দামে পণ্য বিক্রি করতে বাধ্য না হয় তার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা উচিত? ৪

TeachingBD24.com

https://teachingbd24.com

৩. ★ পাটকে একসময় স্বর্ণসূত্র বলা হতো। তবে পাটের বিকল্প সিনথেটিক আঁশ আবিষ্কার হওয়ায় বিগত কিছু বছর এর বৈশ্বিক চাহিদা কমে গিয়েছিল। তবে বর্তমানে সরকারের বিভিন্ন প্রণোদনামূলক পদক্ষেপ গ্রহণের কারণে পাট তার অতীত ঐতিহ্য ফেরত পেতে শুরু করেছে।

ক. PPP কী? ১

খ. আমাদের দেশে আমদানি বিকল্প শিল্প স্থাপন করা জরুরি কেন? ২

গ. উদ্দীপকের আলোকে পাটশিল্পের সমস্যাসমূহ আলোচনা কর। ৩

ঘ. বাংলাদেশে পাটশিল্পের উন্নয়নে তোমার মতামত দাও। ৪

৪. ★ ২০১৬ সালের শুরুতে A দেশের জনসংখ্যা ছিল ৫০,০০০। ওই বছর ওই দেশে ১০০০ জন জীবিত শিশু জন্মগ্রহণ করে এবং ৫০০ জন মানুষ মারা যায়। এ বছর A দেশ হতে পৃথিবীর বিভিন্ন দেশে স্থায়ীভাবে বসবাসের জন্য ৩০০ জন মানুষ চলে যায় এবং A দেশে বসবাসের জন্য ১০০ জন মানুষ আগমন করে।

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১

খ. জনসংখ্যা বৃদ্ধি খাদ্য সমস্যা সৃষ্টি করে— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক হতে A দেশের জনসংখ্যা বৃদ্ধির হার নির্ণয় কর। ৩

ঘ. A দেশের মানুষ অতিমাত্রায় অন্য দেশে চলে যাওয়ার সম্ভাব্য কারণসমূহ বর্ণনা কর। ৪

৫. ★ নিচের সূচিটি লক্ষ কর:

| বছর | ০ | ২৫ | ৫০ | ৭৫ | ১০০ |
|---|---|---|---|---|---|
| জনসংখ্যা বৃদ্ধি | ১০ | ২০ | ৪০ | ৮০ | ১৬০ |
| খাদ্য উৎপাদন বৃদ্ধি | ১০ | ২০ | ৩০ | ৪০ | ৫০ |

ক. অভিবাসন কাকে বলে? ১

খ. "সম্পদের সাথে সামঞ্জস্যপূর্ণ জনসংখ্যাই কাম্য জনসংখ্যা" কেন? ২

গ. উদ্দীপক হতে জনসংখ্যা ও খাদ্য উৎপাদন বৃদ্ধি রেখাচিত্রে অঙ্কন কর। ৩

ঘ. জনসংখ্যা সবসময় জ্যামিতিক হারে এবং খাদ্য উৎপাদন গাণিতিক হারে বাড়ে না— ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

৬. ★ রহিম সাহেব বাজার হতে ৪টি আনারস ক্রয় করেন। সম্প্রতি তিনি সপরিবারে ঈদের ছুটিতে বাড়ি চলে যান। ১৫ দিন বাড়িতে অবস্থান করার পরে বাসায় ফিরে আসেন। এসে দেখেন ১৫ দিন পূর্বে ক্রয়কৃত ৪টি আনারস নষ্ট হয়নি। এতে তার বাচ্চারা খুশি হলেও তিনি ও তার স্ত্রী ভীষণ উদ্বিগ্ন হয়ে পড়েন।

ক. নিরাপদ খাদ্য কী? ১
খ. কখন খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হয়? ২
গ. উদ্দীপকে রহিম সাহেবের আনারস নিয়ে উদ্বিগ্ন হওয়ার কারণ কী ৩
ঘ. ভেজাল খাদ্য নিয়ন্ত্রণে সরকারের গৃহীত পদক্ষেপগুলো বর্ণনা কর। ৪

৭.▶ কাশেম সাহেব গত বছর সরাসরি X কোম্পানি প্রথম যে শেয়ার বিক্রয় করে তা হতে ১০০০ হার শেয়ার ক্রয় করেন। এ বছর তার ছেলের বিয়েতে টাকার প্রয়োজন হলে তিনি তা বিক্রি করে দেন। ইতোপূর্বে তার স্ত্রী কিছু বন্ড ক্রয় করেছিলেন তাও তিনি বিক্রি করে দিতে বাধ্য হন।

ক. শেয়ার কী? ১
খ. উদ্দীপকে কোন কোন ধরনের শেয়ারের কথা উল্লেখ আছে? ২
গ. বন্ড ও শেয়ারের মধ্যে পার্থক্য বর্ণনা কর। ৩
ঘ. মূলধন গঠনে শেয়ার বাজারের ভূমিকা বর্ণনা কর। ৪

৮.▶ নিচের সূচিটি লক্ষ কর:

| দ্রব্য | ২০০০ সালে দাম | ২০০০ সালে পরিমাণ | ২০১৭ সালে দাম | ২০১৭ সালে পরিমাণ |
|---|---|---|---|---|
| চাল | ২০ | ১০ | ৩৫ | ১৫ |
| তৈল | ৫০ | ৫ | ৮০ | ৭ |

ক. মুদ্রাস্ফীতি কী? ১
খ. অর্থের যোগান কীভাবে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করে? ২
গ. উদ্দীপক হতে ফিশারের মূল্যসূচক নির্ণয় কর। ৩
ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায়গুলো বর্ণনা কর। ৪

https://teachingbd24.com

৯. ★ বাংলাদেশে শ্রমের সহজ লভ্যতার কারণে দেশি ও বিদেশি বিনিয়োগকারীরা এ দেশে তৈরি পোশাক শিল্পে প্রচুর অর্থ বিনিয়োগ করছে। বর্তমানে বাংলাদেশ এ খাতে বিশ্বকে নেতৃত্ব দিচ্ছে। তবে বিদেশি বিভিন্ন ক্রিয়াশীল প্রতিপক্ষের কারণে আমাদেরকে বিভিন্ন প্রতিকূলতা মোকাবিলা করতে হচ্ছে। তাই সরকারের উচিত বৈদেশিক মুদ্রা অর্জনে এ বৃহৎ খাতটির ওপর নির্ভরশীলতা হ্রাস করে অন্য খাতগুলোকে গুরুত্ব দেয়া।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী? ১

খ. বৈদেশিক সাহায্যের চেয়ে বাণিজ্য শ্রেয়– ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের সমস্যাসমূহ কী কী? ৩

ঘ. বাংলাদেশের অপ্রচলিত দ্রব্য রপ্তানি বৃদ্ধির গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

১০. ★ মামুন স্যার অর্থনীতির ক্লাসে সরকারের আয় ব্যয় নিয়ে আলোচনা করছিলেন। তিনি ছাত্রদের বললেন এ বছরের বাজেট বাংলাদেশের সবচেয়ে বড় বাজেট। উন্নয়ন খাতে প্রচুর অর্থ বরাদ্দ রাখা হয়েছে। আশা করা যায় এ বছর দেশে আরো বেশি করে উন্নয়ন হবে।

ক. কর কী? ১

খ. সরকারি ব্যয় বৃদ্ধি কীভাবে কর্মসংস্থান বৃদ্ধি করে? ২

গ. বাংলাদেশ সরকারের আয়ের উৎসসমূহ বর্ণনা কর। ৩

ঘ. সরকারি সুযোগ-সুবিধা বৃদ্ধিতে সরকারের আয় বৃদ্ধির ভূমিকা আলোচনা কর। ৪

১১. ▶ অর্থনীতিবিদ আবিদ হোসেন মনে করেন বাংলাদেশের সম্পদের প্রাচুর্যতা কম হওয়া সত্ত্বেও যদি যথাযথ পরিকল্পনা গ্রহণ করা যায় তবে ওই সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে এদেশের উন্নয়ত দ্রুত করা সম্ভব।

ক. উন্নয়ন পরিকল্পনা কী? ১

খ. মধ্যমেয়াদি পরিকল্পনা ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আবিদ হোসেনের পরিকল্পনার গুরুত্ব আলোচনা কর। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে দীর্ঘমেয়াদি পরিকল্পনার বাস্তবতা বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

## অর্থনীতি দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০    বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **বাংলাদেশের স্থানীয় সময় GMT থেকে—**
ⓚ ৬ ঘণ্টা আগে    ⓚ ৫ ঘণ্টা আগে
ⓖ ৫ ঘণ্টা পরে    ⓖ ৮ ঘণ্টা পরে

২. ★ **বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য—**
i. মাথাপিছু আয় ও জীবনযাত্রার মান নিম্ন
ii. কৃষির উপর অত্যধিক নির্ভরশীলতা
iii. সেবা খাতে ব্যাপক উন্নতি
**নিচের কোনটি সঠিক?**
ক i    খ i ও ii
গ ii ও iii    ঘ i ও iii

৩. **Agriculture শব্দটি কোন শব্দ থেকে এসেছে?**
ক ল্যাটিন শব্দ    খ গ্রিক শব্দ
গ ফরাসি শব্দ    ঘ তুর্কি শব্দ

৪. ★ **বাংলাদেশের কৃষির বৈশিষ্ট্য কোনটি?**
ক প্রকৃতির ওপর নির্ভরশীল
খ উন্নত প্রযুক্তি
গ অধিক মূলধন    ঘ সম্প্রসারিত বাজার

৫. **সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত নিচের কোনটি?**
ক তৈরি পোশাক শিল্প    খ ওষুধ শিল্প
গ চামড়া শিল্প    ঘ বস্ত্র শিল্প

৬. ★ **উন্নত দেশসমূহের দ্রুত উন্নয়নের কারণ—**
ক শিল্পায়ন    খ গৃহায়ন
গ কৃষির উন্নয়ন    ঘ সেবার উন্নয়ন

৭. **প্রথম আদমশুমারি হয়—**
ক ১৯৭৪ সালে    খ ১৯৭২ সালে
গ ১৯৭৩ সালে    ঘ ১৯৭৫ সালে

৮. **ম্যালথাসের মতে, জনসংখ্যা বাড়ে—**
ক জ্যামিতিক হারে    খ গাণিতিক হারে
গ দ্রুতগতিতে    ঘ ধীর গতিতে

৯. **পুষ্টি বলতে কী বোঝায়?**
ক উচ্চ ক্যালরিসম্পন্ন খাবার
খ প্রয়োজনীয় ভিটামিনসমৃদ্ধ খাবার
গ যে খাবারে শক্তি হয়
ঘ ভিটামিন

১০. **খাদ্য নিরাপত্তা বলতে বোঝায়—**
i. খাদ্যের প্রাপ্যতা
ii. খাদ্যের লভ্যতা বা এর ক্ষমতা
iii. খাদ্যের ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক i    খ ii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১১. ★ **NGO এর পূর্ণরূপ—**
ক Non Government organization
খ Non Green organization
গ New Green organization
ঘ New Government organization

১২. **স্টক এক্সচেঞ্জের কাজ হলো—**
i. শেয়ার ক্রয়-বিক্রয়ের নির্দিষ্ট স্থানের ব্যবস্থা করা
ii. বিনিয়োগকারীদের উদ্বুদ্ধ করা
iii. তহবিল সংগ্রহে সাহায্য করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১৩. ★ **মুদ্রাস্ফীতি বলতে কী বোঝায়?**
ক দ্রব্যমূল্য বেশি হওয়া
খ দ্রব্যমূল্য ক্রমাগত বাড়তে থাকা
গ দ্রব্যমূল্য অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়া
ঘ দ্রব্যমূল্য আকস্মিক বেড়ে যাওয়া

১৪. ★ **কোনটি চাহিদা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতির কারণ নয়?**
ক অর্থের যোগন বৃদ্ধি
খ জনসংখ্যা বৃদ্ধি
গ পরিবহন ব্যয় বৃদ্ধি
ঘ সরকারি ব্যয় বৃদ্ধি

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. আব্দুল খালেক প্লাস্টিক সামগ্রী উৎপাদনকারী। তিনি উপকরণ ক্রয় করতে গিয়ে প্রত্যক্ষ করলেন উপকরণের দাম ক্রমাগত বাড়ছে। তাই তিনি ও অন্যান্য প্লাস্টিক উৎপাদনকারীরা প্লাস্টিক সামগ্রীর দাম বাড়াতে লাগলেন। কিন্তু তাতে অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে প্রতিক্রিয়া দেখা দিল। তাই সরকার সৃষ্ট সমস্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করলেন।

১৫. **উদ্দীপকে বর্ণিত তথ্য থেকে কোন বিষয়টি সৃষ্টি হয়েছে বলে তুমি মনে করো?**
ক চাহিদা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি
খ খুচরা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি
গ মিশ্র মুদ্রাস্ফীতি
ঘ কোনটিই নয়

১৬. **উদ্দীপকে বর্ণিত বিষয়টি নিয়ন্ত্রণের উপায় কী?**
i. উৎপাদন বৃদ্ধি
ii. উৎপাদনের উপকরণের দাম হ্রাস
iii. উৎপাদিত সামগ্রীর সরবরাহ হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

https://teachingbd24.com

১৭. WTO কী?
ⓚ World Trade Organization
ⓚ Water Trade Organization
ⓖ World Training Organization
ⓖ World Trety Organization

১৮. আন্তর্জাতিক বাণিজ্যের সুবিধা—
i. সম্পদের সুষ্ঠু ব্যবহার
ii. উৎপাদন ব্যয় হ্রাস
iii. দেশীয় বাজার সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ⓚ iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:**
তানবীর তার বাবার কাছে শুনেছে কোন দেশে জনসংখ্যা পরিমাণ কম বেশি হওয়ার ক্ষেত্রে স্বাভাবিক বৃদ্ধির হার খুবই গুরুত্বপূর্ণ।

১৯. ★ জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির সাথে জড়িত এ বিষয় হলো—
i. জন্মহার
ii. মৃত্যুহার iii. জনসংখ্যার ঘনত্ব
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২০. ★ উদ্দীপকে বর্ণিত বিষয় ছাড়া আর কোন বিষয় জনসংখ্যাকে কম বেশি করতে পারে?
ⓚ ত্রুটি অভিবাসন ⓚ বিচলন
ⓖ স্বাস্থ্য ও চিকিৎসা অবস্থা
ⓖ বয়স কাঠামো

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও:**
বাণিজ্য মানেই দ্রব্যের আদান-প্রদান। কোনো দেশ ঐ দ্রব্য উৎপাদন ও রপ্তানি করবে যা উৎপাদনে তার সুবিধা আছে এবং ঐ দ্রব্য আমদানি করবে যাতে তার উৎপাদনে অসুবিধা। 'ক' দেশ ধান উৎপাদন করে ও রপ্তানি করে এবং 'খ' দেশ কফি আমদানি ও ভোগ করে।

২১. উদ্দীপকে বর্ণিত ক ও খ দেশের বাণিজ্যের ভিত্তি কী?
ⓚ বিশেষায়ণ ⓚ চাহিদার পার্থক্য
ⓖ যোগানের পার্থক্য
ⓖ স্থিতিস্থাপকতার পার্থক্য

২২. যদি ক ও খ দেশের বাণিজ্যের কোনোরূপ বিধিনিষেধ না থাকে তাহলে বাণিজ্যটির নাম কী হবে?
ⓚ সংরক্ষিত ⓚ অবাধ
ⓖ অভ্যন্তরীণ ⓖ আঞ্চলিক

২৩. ★ VAT কী?
ⓚ প্রত্যক্ষ কর ⓚ বিক্রয় কর
ⓖ আমদানি কর ⓖ মূল্যসংযোজন কর

২৪. সরকারি ব্যয়ের মূল উদ্দেশ্য কী?
ⓚ জনকল্যাণ সাধন ⓚ দারিদ্র্য বিমোচন
ⓖ রাষ্ট্রীয় দায়িত্ব ⓖ নির্বাচনী অঙ্গীকার

**উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:**
ষাট বছর বয়স্ক আছিয়া বেগমের স্বামী অনেক আগেই ইহোলোক ত্যাগ করেছেন। ছোট একটি ঘরে আছিয়া বেগম কোনো রকমে দিন যাপন করেন। তার মনে কষ্ট এই যে, সরকারিভাবে তাকে কোনো প্রকার সাহায্য করা হয় না।

২৫. সরকার আছিয়া বেগমকে কীভাবে সাহায্য করতে পারে?
ⓚ চাকরি দিয়ে ⓚ বয়স্ক ভাতা দিয়ে
ⓖ গরু দিয়ে ⓖ জমি দিয়ে

২৬. আছিয়া বেগমকে সাহায্যের মাধ্যমে সরকারি ব্যয়ের কোন উদ্দেশ্য হাসিল হবে?
ⓚ সামাজিক নিরাপত্তা
ⓚ অর্থনৈতিক উন্নয়ন
ⓖ অভ্যন্তরীণ শান্তি শৃঙ্খলা রক্ষা
ⓖ পূর্ণ নিয়োগ

২৭. বর্তমান সময় পর্যন্ত বাংলাদেশে কয়টি পঞ্চবার্ষিক পরিকল্পনা হাতে নেয়া হয়েছে?
ⓚ ৪টি ⓚ ৫টি
ⓖ ৬টি ⓖ ৭টি

২৮. ★ উন্নয়ন পরিকল্পনার উদ্দেশ্য কী?
i. মূলধন গঠন ii. অবকাঠামো উন্নয়ন
iii. খাসজমি উদ্ধার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:**
পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যকে অর্জনের জন্য 'ক' নামক বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয় যা তার অংশবিশেষ। এ পরিকল্পনার মাধ্যমে বছরে বছরে কর্মসূচি গ্রহণ করা হয়।

২৯. উদ্দীপকে বর্ণিত 'ক' নামক পরিকল্পনাটি কী?
ⓚ আর্থিক ⓚ বাৎসরিক
ⓖ বার্ষিক ⓖ ঘূর্ণায়মান

৩০. 'ক' নামক পরিকল্পনার উদ্দেশ্য হলো—
i. কাঙ্ক্ষিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন
ii. শিক্ষার প্রসার
iii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com